

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 31-01-2026

Desk in Charge: S.D.G.

Time : 7-35 AM

Compiling : NBR

DEO : KB

NRT : NBR

Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, নাজিরাবাদের ওই ঘটনায় গভীর শোক প্রকাশ করে আর্থিক সহায়তা দানের কথা ঘোষণা করেছেন। # দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডে এখনো পর্যন্ত ২৭ জনের দেহাংশ মিলেছে।

২/ বর্ষায়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে একাধিক কর্মসূচীতে যোগ দেবেন।

৩/ রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত ডিজি হলেন পীযুষ পাণ্ডে। # কলকাতা পুলিশ কমিশনার হচ্ছেন সুপ্রতিম সরকার।

৪/ আদালতের নির্দেশ মেনে মুর্শিদাবাদের বেলডাঙ্গার অশান্তি কাণ্ডে তদন্তের ভার NIA-কে দিল কেন্দ্র।

৫/ উত্তরবঙ্গে যোগাযোগ ব্যবস্থা আরও উন্নতির লক্ষ্যে ভারতীয় রেল, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে ছয়টি গুরুত্বপূর্ণ নতুন লাইন প্রকল্পে অনুমোদন দিয়েছে।

৬/ দিনের তাপমাত্রা বৃদ্ধি পেলেও ভোর ও রাতের দিকে এখনো শীতের আমেজ রয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগণায় নাজিরাবাদে গুদামে অগ্নিকাণ্ডে নিহত ও আহতদের পরিবারের জন্য অর্থ সহায়তা ঘোষণা করেছেন। গতকাল এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী শোক প্রকাশ করে বলেন, সাম্প্রতিক অগ্নিকাণ্ডের এই ঘটনা অত্যন্ত মর্মান্তিক এবং দুঃখজনক। নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানানোর পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্যও কামনা করেন। প্রধানমন্ত্রী জাতীয় তহবিল থেকে নিহতদের পরিবারকে এককালীন ২লক্ষ টাকা এবং আহতদের ৫০হাজার টাকা করে অর্থ সহায়তা দেওয়া হবে বলে প্রধানমন্ত্রী জানান।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এই আর্থিক সাহায্য প্রদানের জন্য প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে শ্রী মজুমদার জানান, এই সহায়তা গভীর শোক ও কঠিন সময়ে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে মানসিক এবং সামাজিক শক্তি প্রদান করবে বলে তিনি দৃঢ় বিশ্বাসী।

এদিকে, গত রবিবার মধ্যরাতের একটি ডেকরেটার্স ও একটি মোমো কোম্পানীর গুদামে আগুন লাগে। ঘটনায় এখনো পর্যন্ত ২৭ জনের দেহাংশ উদ্ধার হয়েছে। নিখোঁজ এখনো অনেকেই। রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যে বারবার অগ্নিকাণ্ডের কড়া সমালোচনাকরেছেন। নাজিরাবাদে ভয়াবহ অগ্নিকাণ্ডের পর ঘটনাস্থল পরিদর্শন করে তিনি আজ বলেন, অগ্নিকাণ্ড কোনও দুর্ঘটনা নয়, এর পিছনে গাফিলতি রয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গুদাম মালিক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমানভাবে দায়ী।

বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে একাধিক কর্মসূচীতে যোগ দেবেন। সকালে তিনি নিউটাউনের একটি হোটেল থেকে ব্যারাকপুরের উদ্দেশে রওনা হবেন। সেখানে আনন্দপুরী খেলার মাঠে কর্মী সম্মেলনে ভাষণ দেবেন স্বরাষ্ট্রমন্ত্রী। অনুষ্ঠান শেষে শ্রী শাহ কলকাতা বিমানবন্দ থেকে বাগড়োগরার উদ্দেশে রওনা হবেন। দুপুরে গোসাইপাড়া এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার মাঠে দলীয় সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন। বিকেলে বাগড়োগরা বিমানবন্দের হয়ে দিল্লি ফিরে যাবেন তিনি।

উল্লেখ্য, অসম সফর সেৱে গতৱাতেই শ্ৰী শাহ কলকাতা পৌঁছান। কেন্দ্ৰীয় প্ৰতিমন্ত্ৰী সুকান্ত মজুমদাৰ, বিৰোধী দলনেতা শুভেন্দু অধিকাৰী, দলেৱ রাজ্য সভাপতি শমীক ভট্টাচাৰ্য, প্ৰাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ এবং রাহুল সিনহা, শ্ৰী শাহকে বিমানবন্দৱে স্বাগত জানান।

নিৰ্বাচন কমিশন, রাজ্যে SIR প্ৰক্ৰিয়ায় সময়সীমা মেনে কাজ শেষ কৱাৰ জন্য জেলাগুলিকে কড়া নিৰ্দেশ দিয়েছে। রাজ্যেৰ মুখ্য নিৰ্বাচনী আধিকাৰিক মনোজ কুমাৰ আগৱানীয়াল জানিয়েছেন, নাম বাদ দেবাৰ ক্ষেত্ৰে কোনোৱকম নিৰ্দেশ কাউকে দেওয়া হয়নি।

(বাইট- EC মনোজ/ BLO)

এদিকে, SIR-এ শুনানিৰ কাজ যথাসময়ে শেষ কৱতে তৎপৰ নিৰ্বাচন কমিশন।

একটি প্ৰতিবেদন-

(ভিসি- অভিজ্ঞপ)

২০২৬-২৭ অৰ্থবছৰেৱ কেন্দ্ৰীয় বাজেট আগামী রবিবাৰ পয়লা ফেব্ৰুৱাৰী। অৰ্থমন্ত্ৰী নিৰ্মলা সীতারামন সকাল ১১টায় লোকসভায় বাজেট পেশ কৱবেন।

এৱ প্ৰেক্ষিতে আকাশবাণী, সকাল ১০ টা ১০ মিনিট থেকে প্ৰাক-বাজেট আলোচনা ও অৰ্থমন্ত্ৰীৰ বাজেট ভাষণ সৱাসৱি সম্প্ৰচাৰ কৱবে। শোনা যাবে আকাশবাণীৰ গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে। এৱ ফলে সংবাদ সম্প্ৰচাৰেৱ সময়েৱ বেশ কিছু পৱিত্ৰণ কৱা হচ্ছে। বেলা সাড়ে ১২টাৰ গ্ৰামীণ এবং ১২টা ৫০-এৱ বাংলা সংবাদ শোনা যাবে FM ৱেনবো চ্যানেলে।

বেলা দেড়টাৰ জাতীয় সংবাদ ওইদিন প্ৰচাৰিত হবে ১টা ৫০ মিনিটে গীতাঞ্জলী প্ৰচাৰতৰঙে। তাৰপৰই দুপুৰ ২টোয় প্ৰচাৰিত হবে ১টা ৪০-এৱ স্থানীয় সংবাদ। বিকেল ৫-১০-এৱ বাংলা সংবাদ এবং রাত্ৰি ৮টা ১০-এৱ ‘খেলাৰ খবৰ’ নিৰ্ধাৰিত সময়েই শোনা

যাবে FM রেনবো চ্যানেলে। ওইদিন সঙ্গে ৭.৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের। বাজেট নিয়ে বিশেষ আলোচনা প্রচারিত হবে রাত ৮টা ৩০ থেকে ৯টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচারতরঙে।

FM রেনবোয় সব হেডলাইন নির্ধারিত সূচী অনুযায়ী প্রচারিত হবে।

রাজ্যের প্রশাসনিক পদে বেশ কিছু রদবদল করা হয়েছে। রাজ্য পুলিশের নতুন মহানির্দেশক বা ডিজি হলেন পীযুষ পাণ্ডে। বর্তমান রাজীব কুমারের কার্যকালের মেয়াদ আজ শেষ হচ্ছে। তাঁর জায়গায় দায়িত্বভার নেবেন পীযুষ। তবে তিনি ভারপ্রাপ্ত ডিজি হবেন। কলকাতা পুলিশের নতুন কমিশনার হতে চলেছেন সুপ্রতিম সরকার। বর্তমান সিপি মনোজ ভার্মাকে নিরাপত্তা অধিকর্তা করা হইয়েছে। একইসঙ্গে ADG আইনশৃঙ্খলা পদেও পরিবর্তন হচ্ছে। বর্তমানে ওই পদে থাকা জাভেদ শামীমকে STF-এর ADG করা হচ্ছে। তাঁর জায়গায় ADG আইন-শৃঙ্খলা হচ্ছেন বিনীত গোয়েল।

উল্লেখ্য, RG Kar আন্দোলনের সময় প্রতিবাদ বিক্ষেপের চাপে কমিশনার পদ থেকে বিনীত গোয়েলকে অপসারণ করা হয়। এবার আরো উচ্চ পদে তাঁকে ফিরিয়ে আনা হল।

এছাড়াও আরো চারটি পুলিশ কমিশনারেটের সিপি-কে বদল করা হয়েছে। হাওড়া পুলিশের কমিশনারের পদ থেকে প্রবীণ ত্রিপাঠীকে সরিয়ে পাঠানো হয়েছে ব্যারাকপুর পুলিশ কমিশনার পদে। সেখানে বর্তমান সি পি মুরলিধর শর্মাকে দেওয়া হয়েছে বিধাননগর পুলিশ কমিশনারের দায়িত্ব। হাওড়ার নতুন পুলিশ কমিশনার হলেন আকাশ মঙ্গারিয়া। কোটেশ্বর রাও, চন্দননগর পুলিশ কমিশনারেটের নতুন কমিশনার হিসেবে দায়িত্বপ্রেরণেছেন। অমিত পি জাভালগি-কে বর্ধমান রেঞ্জের এবং মুকেশকে মুর্শিদাবাদ ও জঙ্গিপুর রেঞ্জের আইজি করা হয়েছে।

অন্যদিকে, সচিব পর্যায়েও কিছু রদবদল করা হয়েছে। সর্বশিক্ষা ও গ্রন্থাগার দপ্তরের সচিব রাজেশ কুমার অবসর নিচ্ছেন। তাঁর জায়গায় এই দপ্তরের দায়িত্ব দেওয়া হচ্ছে শিক্ষা সচিব বিনোদ কুমারকে। এটি তাঁর অতিরিক্ত দায়িত্ব। বন্দপ্তরের অতিরিক্ত মুখ্য

সচিব হলেন, মনীশ জৈন। তিনি ছিলেন সেচ দপ্তরের সচিব। ওই দপ্তরের দায়িত্ব দেওয়া হল কৃষ্ণ গুপ্তাকে। তিনি সমবায় দপ্তরের সঙ্গে এই সেচ দপ্তরের অতিরিক্ত দায়িত্ব সামলাবেন। অনগ্রসর কল্যাণ দপ্তরের সচিব সঞ্জয় বনশলকে এই দপ্তরটির পাশাপাশি জলসম্পদ দপ্তরের দায়িত্বও দেওয়া হল।

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর-এর পক্ষ থেকে এই মর্মে এক নির্দেশিকা জারি করা হয়।

আদালতের নির্দেশ মেনে মুর্শিদাবাদের বেলডাঙ্গার অশান্তি কাণ্ডে তদন্তের ভার জাতীয় তদন্তকারী সংস্থা-NIA-কে দিল কেন্দ্র। আজ'ই NIA-এর একটি দল বেলডাঙ্গায় যাচ্ছে। বাড়খলে এক পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে চলতি মাসের ১৬ ও ১৭ তারিখ পরপর দু'দিন বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে বেলডাঙ্গা। প্রথমদিন প্রায় সাত ঘন্টা জাতীয় সড়ক অবরুদ্ধ করে রাখা হয়। একইসঙ্গে অবরোধের জেরে বেলডাঙ্গা স্টেশনের দু'দিকেই আটকে থাকে ট্রেন চলাচলও। বিক্ষোভের খবর করতে গিয়ে আহত হতে হয় কর্তব্যরত সাংবাদিকদের। মহিলা সাংবাদিক'ও বিক্ষোভকারীদের হাতে আক্রান্ত হন। ভাঙ্গুর করা হয় সরকারি সম্পত্তি।

ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে এক MIM নেতা সহ ৩৬ জনকে পুলিশ গ্রেফতার করে। তারমধ্যে চারজন সাংবাদিক নিগ্রহের ঘটনায় সড়াসড়ি জড়িত বলে দাবি পুলিশের। পুলিশ হেফাজত শেষে আজ ধূতদের ফের আদালতে তোলা হবে।

এদিকে, ওই ঘটনায় কলকাতা হাইকোর্টে একাধিক জনস্বার্থ মামলা হয়। বিশে জানুয়ারী প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চে NIA তদন্তের দাবি তোলা হয়েছিল। রাজ্যের বক্তব্য শোনার পরেও আদালত বেলডাঙ্গার ঘটনায়, কেন্দ্র সরকার চাইলে জাতীয় তদন্তকারী সংস্থা-কে দিয়ে তদন্ত করাতে পারে বলেও মন্তব্য করে। এরপরই NIA-কে তদন্তভার দেবার এই পদক্ষেপ।

উত্তরবঙ্গে যোগাযোগ ব্যবস্থা আরও উন্নতির লক্ষ্যে ভারতীয় রেল, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে ছয়টি গুরুত্বপূর্ণ নতুন লাইন প্রকল্পে অনুমোদন দিয়েছে।

এগুলির মধ্যে রয়েছে- রায়গঞ্জ-ইটাহার ২২ দশমিক এক/ছয় কিলোমিটার এবং গাজোল-ইটাহার ২৭ দশমিক দুই কিলোমিটার নতুন রেলপথ। প্রকল্প দুটির জন্য আনুমানিক ব্যয় যথাক্রমে ১২৯ কোটি ৩৪ লক্ষ এবং ৮৫. কোটি ৫৯ লক্ষ টাকা ধরা হয়েছে। আরেকটি গুরুত্বপূর্ণ প্রকল্প ইটাহার-বুনিয়াদপুরের মধ্যে ২৭ কিলোমিটারের বেশী রেলপথকে বিবেচনায় রাখা হয়েছে। এছাড়াও চালসা-নক্রাল বাড়ি, রাজাভাতখাওয়া-জয়ন্তী এবং রায়গঞ্জ-ডালখোলার মধ্যে নতুন রেলপথ স্থাপনের অনুমোদন দিয়েছে মন্ত্রক। 'কয়েকশ' কোটি টাকা ব্যয়ে এই লাইনগুলি চালু হলে

ভ্রমণের সময় কমাবে এবং এই অঞ্চলের পণ্য ও যাত্রী পরিবহন বৃদ্ধি পাবে বলে মনে করা হচ্ছে।

অন্যদিকে, উত্তর ২৪ পরগনা ও নদিয়া জেলাসহ তৎসংলগ্ন অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে গতি আনতে রেল মন্ত্রক অসমাপ্ত চারটি নতুন রেল প্রকল্প পুনরায় চালুর উদ্যোগ গ্রহণ করেছে। এগুলি হল- বনগাঁ-পোড়া মহেশতলা, বনগাঁ-চাঁদাবাজার চাঁদাবাজার—বাগদা এবং রানাঘাট (আড়ংঘাটা) থেকে দত্তফুলিয়ার মধ্যে নতুন রেললাইন। এই প্রকল্পগুলি ভারত-বাংলাদেশ সীমান্তের নিকটবর্তী যোগাযোগ ব্যবস্থাকে আরও সুদৃঢ় করবে এবং জাতীয় নিরাপত্তা রক্ষায় সহায়ক হবে বলে মনে করা হচ্ছে।

দিনের তাপমাত্রা বৃদ্ধি পেলেও ভোর ও রাতের দিকে এখনো শীতের আমেজ রয়েছে। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ওপরে থাকলেও গতকালের থেকে তা আজ কিছুটা কম। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ১ দশমিক ২ ডিগ্রি কম। আগামী সাত দিন রাজ্যে শুষ্ক আবহাওয়ার পূর্বাভাস রয়েছে। সকালের দিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে এবং দক্ষিণ

বঙ্গের বেশ কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে হালকা কুয়াশা থাকবে বলে আলিপুর আবহাওয়া
দণ্ডের জানিয়েছে।
